নেত্রকোনায় গ্রামীণ ব্যাংকের কার্যালয়ে পেট্রল ঢেলে আগুন



ছবি: সংগৃহীত

নেত্রকোনার চল্লিশায় গ্রামীণ ব্যাংকের একটি শাখা কার্যালয়ে আগুন দেওয়ার ঘটনা ঘটেছে। শুক্রবার রাতে চল্লিশা বাজারের কাছে ব্যাংকটির চল্লিশা-নেত্রকোনা শাখার ফটক ও সাইনবোর্ডের পাশে আগুন ধরিয়ে দেওয়া হয়। এতে প্রবেশপথ, সীমানাপ্রাচীর ও সাইনবোর্ডের অংশবিশেষ ক্ষতিগ্রস্ত হয়েছে।

ঘটনার পর শনিবার বিকেলে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে ২৫ সেকেন্ডের একটি ভিডিও। সেখানে একজনকে ব্যাংকের গেটের সামনে পেট্রল ঢেলে আগুন জ্বালিয়ে দ্রুত চলে যেতে দেখা যায়। আগুন ছড়িয়ে পড়ার দৃশ্যও ভিডিওতে রয়েছে।

শাখা ব্যবস্থাপক শাহজাহান আলীর ভাষ্য, নিরাপত্তাকর্মীর চিৎকার শুনে আশপাশের লোকজন এগিয়ে এসে আগুন নেভান। দ্রুত ব্যবস্থা নেওয়ায় বড় ধরনের ক্ষতি হয়নি।

এ নিয়ে একই শাখায় দ্বিতীয়বারের মতো নিরাপত্তা-সংশ্লিষ্ট ঘটনা ঘটল। এর আগে বুধবার গভীর রাতে কার্যালয়ের সামনে থেকে সাদা স্কচটেপে মোড়ানো দুটি ককটেলসদৃশ বস্তু উদ্ধার করেছিল পুলিশ।

তবে দুই ঘটনার কোনোটিতেই ব্যাংক কর্তৃপক্ষ থানায় লিখিত অভিযোগ দেয়নি। ব্যবস্থাপক শাহজাহান আলী জানান, আগের ঘটনার পর ঊর্ধ্বতন কর্মকর্তারা অভিযোগ না করার নির্দেশ দিয়েছিলেন। সর্বশেষ আগুনের বিষয়টি পুলিশকে ফোনে জানানো হয়েছে। পরবর্তী সিদ্ধান্ত কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী নেওয়া হবে।

সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবুল খায়েরও ফোনে ঘটনার খবর পাওয়ার কথা নিশ্চিত করেছেন। তিনি বলেন, লিখিত অভিযোগ পেলে তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।